



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি).

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

কৃষি ভবন

www.bade.gov.bd

(সাধারণ পরিচর্যা বিভাগ)

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গঠিত নিরাপত্তা ও স্বেচ্ছাসেবক উপকমিটির ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

আহ্বায়ক	:	জনাব মোঃ ফারুক জাহিদুল হক মহাব্যবস্থাপক, সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
সভার স্থান	:	মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) এর অফিস কক্ষ, বিএডিসি, কৃষি ভবন (৭ম তলা)।
সভার তারিখ	:	১৯ সেপ্টেম্বর ২০১৯ (০৪ আশ্বিন ১৪২৬)
সভার সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সংস্থার ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গঠিত নিরাপত্তা ও স্বেচ্ছাসেবক উপকমিটির কমিটি'র সভাপতি ও মহাব্যবস্থাপক, সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্য সচিব ও সংস্থার যুগ্মপরিচালক (সাঃপঃ) - কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।


আলোচনাঃ সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব কমিটির কার্যপরিধি এবং কৃষি ভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে মোট ১১ জন নিরাপত্তা কর্মী এবং ৪ জন আনসার সদস্য শিফটিং ডিউটিতে নিয়োজিত আছেন। সভায় অগ্নি নিরাপত্তা, ফায়ার এলার্ম, লিফট, জেনারেটর, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, মতিঝিল থানা ও ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স অধিদপ্তর-কে পত্র প্রেরণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, সংস্থার ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কৃষি ভবনের নিরাপত্তা নিশ্চিতকল্পে নিরাপত্তা প্রহরী, পরিচ্ছন্ন কর্মী, স্বেচ্ছাসেবকদের তালিকা সংগ্রহ এবং পূর্ব প্রস্তুতি সভা, বাজেট বরাদ্দ, প্রতিষ্ঠা বার্ষিকীতে সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের আইডি কার্ড পরিধান, স্বেচ্ছাসেবকদের আলাদাভাবে কার্ড, ক্যাপ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

সিদ্ধান্তঃ

- বিএডিসি'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের দিবসে কৃষি ভবনের নিরাপত্তা নিশ্চিতকল্পে মেইন গেটে ০৬ জন, চেয়ারম্যান মহোদয়ের গাড়ির সামনে ০৪ জন এবং সেমিনার হলে ০২ জন নিরাপত্তা প্রহরী কর্মরত থাকবেন।
- মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় মহোদয় এর আগমন উপলক্ষ্যে তাঁর নিরাপত্তার নিশ্চিতকল্পে সাধারণ পরিচর্যা বিভাগের মাধ্যমে মতিঝিল থানায় পত্র প্রেরণ করতে হবে।

- গ) বিএডিসি'র প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের জন্য আগত সকল অতিথিদের প্রোটকল প্রদানের নিমিত্ত স্বেচ্ছাসেবক হতে আগ্রহী কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগ হতে সংগ্রহপূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে হবে।
- ঘ) মনোনীত স্বেচ্ছাসেবকদেরকে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের দিবসে স্বেচ্ছাসেবক লেখা সম্বলিত ব্যাজ ও বিএডিসি'র লোগো সম্বলিত ক্যাপ সরবরাহ করতে হবে।
- ঙ) বিএডিসি'র প্রতিষ্ঠাবার্ষিকীতে অংশগ্রহণকারী সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে আইডি কার্ড পরিধানের বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ নিশ্চিত করবেন।
- চ) প্রতিষ্ঠাবার্ষিকীতে সাধারণ পরিচর্যা বিভাগের সকল পরিচ্ছন্ন কর্মীগণ এপ্রোণ পরিধান নিশ্চিত করবেন।
- ছ) বিএডিসি'র প্রতিষ্ঠাবার্ষিকীতে অগ্নিকাণ্ডের দুর্যোগ মোকাবেলার জন্য একটি অগ্নি নির্বাপক গাড়ি সার্বক্ষণিক প্রস্তুত রাখার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে। এছাড়া কৃষি ভবনে স্থাপিত সকল ফায়ার এক্সটিংগুশার রিফিল করতে হবে।
- জ) সচিব, বিএডিসি মহোদয়ের উপস্থিতিতে কমিটি কর্তৃক বিএডিসি'র প্রতিষ্ঠাবার্ষিকীতে দায়িত্বপ্রাপ্ত সকল নিরাপত্তা প্রহরী, স্বেচ্ছাসেবক এবং পরিচ্ছন্ন কর্মীগণকে তাদের দায়িত্ব ও কার্যপরিধি সম্পর্কে অবহিত করার জন্য পূর্ব প্রস্তুতি সভা করতে হবে।
- ঝ) প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের দিবসে কৃষি ভবনস্থ সকল লিফট, ফায়ার এলার্ম ও জেনারেটর প্রস্তুত রাখাসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্মাণ বিভাগকে পত্র দিতে হবে।
- ঞ) নিরাপত্তা ও স্বেচ্ছাসেবক সংক্রান্ত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বাজেট প্রস্তাব প্রণয়নপূর্বক অত্র কমিটির আহবায়ক এর অনুমোদনক্রমে অর্থ উপকমিটির আহবায়কের নিকট ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।



(মোঃ ফারুক জাহিদুল হক)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

ও

আহবায়ক

বিএডিসি'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে

গঠিত নিরাপত্তা ও স্বেচ্ছাসেবক উপকমিটি

বিএডিসি, ঢাকা।


স্মারক নং- ১২.০৬.০০০০.২০৬.২৩.০০১.১৯-২৬২৩

তারিখ: ০৪ আশ্বিন, ১৪২৬
১৯ সেপ্টেম্বর, ২০১৯

সদয় কার্যার্থে ও অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ ফারুক জাহিদুল হক, মহাব্যবস্থাপক (সার), বিএডিসি, ঢাকা ও আহবায়ক সংশ্লিষ্ট কমিটি

৩. জনাব মোঃ ফেরদৌস রহমান, ব্যবস্থাপক (তদন্ত), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
৪. জনাব সৈয়দ এজাজ হোসেন, ব্যবস্থাপক (উন্নয়ন), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
৫. জনাব মোজাহেদ নাজির হোসেন, উপব্যবস্থাপক (খামার), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
৬. জনাব জয়তুন নাহার, উপব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
৭. জনাব মোহাম্মদ সরোয়ার মাওলা, সহকারী প্রধান প্রকৌশলী (মিশু), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
৮. জনাব নিউটন বিশ্বাস, উপব্যবস্থাপক (পরিবহন), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
৯. জনাব মোঃ আমিনুল ইসলাম অসীম, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
১০. জনাব মো. তুষার পারভেজ খান, সহকারী পরিচালক (সাঃ পঃ), বিএডিসি, ঢাকা ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
১১. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, যুগ্মসম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
১২. জনাব মোঃ মাসুম পারভেজ, কার্যনির্বাহী সদস্য, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
১৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয় এর সদয় অবগতির জন্য)।
১৪. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. সদস্য পরিচালক (অর্থ/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান/ সার ব্যবস্থাপনা), বিএডিসি মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৬. সচিব, বিএডিসি মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৭. অফিস কপি/ মাস্টার ফাইল


 (মোহাম্মদ জাফরুল ইসলাম)
 যুগ্মপরিচালক (সাঃ পঃ)

ও

সদস্য সচিব

বিএডিসি'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে
 গঠিত নিরাপত্তা ও স্বেচ্ছাসেবক উপকমিটি
 বিএডিসি, ঢাকা।